

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০২.২৫.২১৭.২৪. ১৩৭

তারিখ : ১৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ


প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ‘৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা: অগ্রগতি পর্যালোচনা’ শীর্ষক সেমিনার ২৭ মার্চ ২০২৪ বুধবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক সুফী জাকির হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. শামসুল আলম, সাবেক পরিকল্পনা প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটের পরিচালক (অনু. প্রশি.) ড. মো. মারুফ নাওয়াজ।

ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক সুফী জাকির হোসেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোনার বাংলা বিনির্মাণের প্রত্যয় নিয়ে সর্বপ্রথম বাংলাদেশে শুরু করেছিলেন পঞ্চবার্ষিক পরিকল্পনা। এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমৃদ্ধ দেশ গড়তে ২০২০-২০২৫ মেয়াদে প্রণয়ন করেন ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা। স্বাগত বক্তব্য প্রদানকালে ড. মো. মারুফ নাওয়াজ বলেন, প্রতিটি পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকেই জিডিপি প্রবৃদ্ধিসহ সামগ্রিকভাবে প্রতিটি ক্ষেত্রে আমাদের অর্জন রয়েছে।

সেমিনারের মূলপ্রবন্ধ উপস্থাপক প্রফেসর ড. শামসুল আলম তাঁর বক্তব্যে বলেন, কোভিড-১৯ সৃষ্ট অর্থনৈতিক অচলাবস্থা অনেকাংশে কাটিয়ে উঠলেও অর্থনীতির চাকা পূর্ণ পূর্বাভাসে ফিরিয়ে আনা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। এই সংকটপূর্ণ সময় অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদন শক্তির ক্রমবৃদ্ধি সাধন এবং জনগণের জীবনযাত্রার গুণগত মানের দৃঢ় উন্নতি সাধনকল্পে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই ২০২০- জুন ২০২৫) প্রণয়ন করা হয়েছে।

সেমিনারটি সঞ্চালনা করেন এনআইএমসির উপপরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) মো. সোহেল পারভেজ। এ সেমিনারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ীয় দপ্তরসমূহের কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

  
২৭.৩.২৪  
আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / বাংলা ভিশন / নেগাস টিভি / চ্যানেল আই / মোহনা টিভি / যমুনা টিভি / বৈশাখী টিভি / একুশে টিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক সমকাল / ভোরের কাগজ / বাংলাদেশ প্রতিদিন / নিউ নেশন / সমকাল / মানবজমিন / ইনকিলাব / দৈনিক ভোরের ডাক / কমিউনিটি রেডিও / অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ / হেলথ রিপোর্টার্স ফোরাম।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সংশ্লিষ্ট নথি।